



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২২৫২৩৩১/নীলফামারী-৪০/ ১১৪৬ / ৫

তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন হকলীপাড়া একরামিয়া দাখিল মাদ্রাসার সভাপতির বিরুদ্ধে সুপার জনাব মো: বরিজ উদ্দিন অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: ফজলুল হকের বিরুদ্ধে আনীত ১৩ (তের) দফা অভিযোগের ভিত্তিতে গত ১৩/০৯/২০১৯ খ্রি. তারিখে সভাপতির অনুপস্থিতিতে মাদ্রাসার ম্যানেজিং কমিটির জরুরী সভায় তার বিরুদ্ধে সর্বসম্মতিক্রমে অনাস্থা প্রস্তাব আনয়ন করা হয়। এমতাবস্থায়, তার বিরুদ্ধে সর্বসম্মত অনাস্থা প্রস্তাবের ভিত্তিতে তাকে সভাপতির পদ থেকে অপসারণের জন্য আবেদন জানান (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (.....) পাতা।

উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।

স্বাক্ষর:

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২২৫২৩৩১/নীলফামারী-৪০/১১৪৬ / ৬

তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নীলফামারী;
২. জেলা শিক্ষা অফিসার, নীলফামারী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী;
৪. সুপার, হকলীপাড়া একরামিয়া দাখিল মাদ্রাসা, সৈয়দপুর, নীলফামারী;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

স্বাক্ষর:

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪